

Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 15 July, 2025

তিস্তা মহাপরিকল্পনা চলতি বছরের শেষ নাগাদ চূড়ান্ত হবে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের পানি সম্পদ ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। মঙ্গলবার (১৫ জুলাই) সকালে নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। উপদেষ্টা বলেন, “তিস্তা মহাপরিকল্পনা মূলত বাংলাদেশ ও চীনের যৌথ উদ্যোগে গঠিত একটি প্রকল্প। এর বাস্তবায়নে উভয় দেশের সম্মতি প্রয়োজন। ইতোমধ্যে মাঠ পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের পথে অনেকটাই অগ্রগতি হয়েছে।”

তিনি আরও জানান, আগামী ১৭ জুলাই বিশেষজ্ঞদের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হবে, যেখানে পাঁচটি মূল বিষয়ের ওপর চূড়ান্ত আলোচনা হবে। সেই সুপারিশসমূহ সরকারে পাঠানো হবে এবং অনুমোদনের পর অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) মাধ্যমে প্রস্তাব চীনের কাছে পাঠানো হবে।

রিজওয়ানা হাসান বলেন, “চীন যদি সবকিছু যাচাই-বাছাই করে চূড়ান্ত রিপোর্ট দেয়, তাহলে আমরা প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম শুরু করব।”

সৈয়দপুর সফর শেষে তিনি সড়কপথে কুড়িগ্রামের উদ্দেশ্যে যাত্রা করেন। সফরকালে নীলফামারীর জেলা প্রশাসক মোহাম্মদ নায়িরুজ্জামান, সৈয়দপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নূর-ই আলম সিদ্দিকিসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা তার সঙ্গে ছিলেন।

উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:59

URL: <https://timestodaybd.com/public/rangpur/4809443170>